গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ।
www.fisheries.gouripur.mymensingh.gov.bd

## কোটেশন দাখিলের অনুরোধ জ্ঞাপন পত্র

স্মারক নং-৩৩.০২.৬১২৩.৫০১.৩৭.০০১.২২.৩৬

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় এর আওতায় "ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২)" কর্তৃক অত্র উপজেলার বিভিন্ন ইউনিয়নাধীন সিআইজি চাষি পর্যায়ে বাস্তবায়িত বিভিন্ন কার্যক্রমের অংশ হিসেবে ০৫ (পাঁচ) টি সিআইজি প্রদর্শনী মৎস্য খামার বাস্তবায়নের নিমিত্ত ক্যাটফিস (পাবদা, গুলশা, শিং) জাতীয় মাছের জীবন্ত পোনা সরবরাহের জন্য কোটেশন দাখিলের অনুরোধ জ্ঞাপন পত্র নিম্নবর্ণিত হ্যাচারি/নার্সারি/সরবরাহকারী /ঠিকাদারী প্রতিষ্ঠানের নামে ইস্যু করা হলো।

মেসার্স :--------------------------------------------

--------------------------------------------

--------------------------------------------

২৯/০৯/২০২২
ইস্যুকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবী
তারিখ:

O/C

সেপ্টেম্বর-২০২২ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ।
www.fisheries.gouripur.mymensingh.gov.bd

স্মারক নং-৩৩.০২.৬১২৩.৫০১.৩৭.০০১.২২.৩৬

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

মৎস্য অধিদপ্তরাধীন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ এর আওতায় "ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২)" কর্তৃক অত্র উপজেলাধীন বিভিন্ন ইউনিয়নে সিআইজি পর্যায়ে বাস্তবায়িত সিআইজি প্রদর্শনী মৎস্য খামার বাস্তবায়নের নিমিত্ত ক্যাটফিস (পাবদা, গুলশা, শিং) জাতীয় মাছের জীবন্ত পোনা সরবরাহের জন্য প্রকৃত হ্যাচারি/নার্সারি/ ঠিকাদারী/সরবরাহকারী/উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে এতদ্বারা কোটেশন আহবান করা যাচ্ছে।

বরাবর
মেসার্স................................................
................................................
................................................

বিষয়: কোটেশন দাখিলের অনুরোধ জ্ঞাপন পত্র আহবান।

| ক্রমিক নং | কাজের বিবরণ | পরিমাণ/ সংখ্যা |
|---|---|---|
| ১। | মৎস্য অধিদপ্তরাধীন সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ এর আওতায় "ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২)" কর্তৃক সিআইজি প্রদর্শনী মৎস্য খামার বাস্তবায়নের নিমিত্ত ক্যাটফিস (পাবদা, গুলশা, শিং) জাতীয় মাছের জীবন্ত পোনা সরবরাহের জন্য প্রকৃত হ্যাচারি/নার্সারি/ ঠিকাদারী/ সরবরাহকারী/ উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিকট হতে এতদ্বারা কোটেশন আহবান | সিডিউলের বর্ণনা মোতাবেক |

কোটেশনের শর্তাবলীঃ

১. নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১০/১০/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত কোটেশন দলিল দেখা এবং সংগ্রহ করা যাবে।
২. সম্পাদিত কাজের মূল্য বাংলাদেশী টাকায় পরিশোধ করা হবে। কোটেশন গৃহীত হলে দরদাতা যে একক দরহার প্রদান করবেন, তা কার্য সম্পাদনের সময় পর্যন্ত বলবৎ থাকবে।
৩. কোটেশনে সংযুক্ত তফশীল অনুযায়ী আগামী ১০/১০/২০২২ খ্রিঃ তারিখ ১২.৩০ ঘটিকায় বা তার পূর্বে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিতে হবে ঐ দিন বেলা ১৩.০০ ঘটিকায় কোটেশনসমূহ খোলা হবে। উক্ত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোটেশন সমূহ বাতিল বলে বিবেচিত হবে এবং না খুলে ফেরৎ প্রদান করা হবে। প্রতিষ্ঠানসমূহকে কোটেশন একটি খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও কাজের নাম উল্লেখ পূর্বক সীল গালা অবস্থায় জমা দিতে হবে। খামের উপর ঠিকানা ছাড়াও "১০/১০/২০২২ খ্রিঃ তারিখ বেলা ১৩.০০ ঘটিকার পূর্বে খুলবেন না" উল্লেখ করতে হবে।
৪. হ্যাচারি/নার্সারি/ঠিকাদারী/সরবরাহকারী/উৎপাদনকারী প্রতিষ্ঠানকে মান সম্পন্ন মাছের খাদ্যের নিশ্চয়তা বিধানে মৎস্য অধিদপ্তরাধীন লাইসেন্স প্রাপ্ত হ্যাচারি হতে পোনা সরবরাহ করতে হবে।
৫. কার্যাদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে মাছের পোনা সরবরাহের কাজ সম্পন্ন করতে হবে।
৬. মাছের পোনার গুণগত মান কমিটির বিবেচনায় সন্তোষজনক না হলে তা গ্রহণ করা হবে না।
৭. কোটেশন গ্রহণের শেষ তারিখ হতে ৬০ (ষাট) দিন পর্যন্ত সকল কোটেশনে উদ্ধৃত দরহার বলবৎ থাকবে।
৮. ঠিকাদার/সরবরাহকারী নিজে বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি দ্বারা কোটেশন পূরণ এবং প্রতি পাতায় স্বাক্ষর করতে হবে। প্রতি আইটেমের দরহার অংকে ও কথায় উল্লেখ করতে হবে। ওভার রাইটিং/কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবে না।
৯. কোটেশন মূল্যায়নের ক্ষেত্রে যে সকল আইটেমের একক দরহার ও মোট মূল্যের মধ্যে পার্থক্য হবে সে সব ক্ষেত্রে একক দরহার সঠিক হিসেবে বিবেচনা করা হবে। একক দরহার অনুযায়ী মোট ও সর্বমোট মূল্য নির্ধারণ করে সঠিক মূল্য অনুযায়ী কোটেশনের মূল্যায়ন ও কার্যাদেশ প্রদান করা হবে।
১০. বাস্তবায়নকালে প্রয়োজনানুযায়ী তফশীলে বর্ণিত দ্রব্যের/কাজের পরিমাণ কম/বেশী হতে পারে। তবে ২০% এর কম বা বেশী হবে না।
১১. মূল্য পরিশোধের নিমিত্ত সর্বনিম্ন দরপত্রদাতাকে কার্যসম্পাদন করে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে ০২ (দুই) কপি বিল দাখিল করতে হবে।

১২. কোটেশন উপস্থিত দরদাতাদের (যদি কেহ থাকেন) সম্মুখে খোলা হবে। কর্তৃপক্ষ সর্বনিম্ন কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন কোটেশন গ্রহণ বা বাতিলের অথবা সকল কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০৯/২০২২

**(মোঃ হারুন-অর-রশিদ)**
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গৌরীপুর, ময়মনসিংহ
ফোন: ০২৯৯৬৬৭৪১৯৭

স্মারক নং-৩৩.০২.৬১২৩.৫০১.৩৭.০০১.২২.৩৬

তারিখঃ ১৪ আশ্বিন ১৪২৯ বঙ্গাব্দ
২৯ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য কর্মকর্তা, ময়মনসিংহ।
৩. পরিচালক, প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
৫. নোটিশ বোর্ড।
৬. ............................................................................সভাপতি/সদস্য/ সদস্য সচিব, দরপত্র/কোটেশন প্রস্তাব উন্মুক্তকরণ/মূল্যায়ন কমিটি। আপনাকে কোটেশন খোলার/মূল্যায়নের সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
৭. অফিস কপি।

২২/০৯/২০২২

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
গৌরীপুর, ময়মনসিংহ।
ফোন: ০২৯৯৬৬৭৪১৯৭

ক) কারিগরি বিনির্দেশ (Technical Specification):
কাজের আইটেম তফশীলের বর্ণনা মোতাবেক হবে।

**খ) কোটেশনের জন্য যে সমস্ত কাগজ পত্র জমা প্রদাপন করতে হবে।**

কোটেশনে যোগ্যতা (Pre-qualification) অর্জনের জন্য ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত কাগজপত্র কোটেশনের সাথে সংযুক্তকারীকে অগ্রাধিকার দেয়া হবে।

১. ২০২২-২৩ সালের নবায়নকৃত ট্রেড লাইসেন্স।
২. হালনাগাদ আয়কর সনদ (২০২১-২০২২)
৩. মৎস্য অধিদপ্তরের নিবন্ধন সনদ (হ্যাচারির ক্ষেত্রে)

**গ) কাজের শর্তাবলী ও বিল পরিশোধ (Terms and Conditions for works and Payment)**

নিম্নবর্ণিত শর্তাবলী একমাত্র কর্তৃপক্ষ কর্তৃক লিখিত আদেশের মাধ্যমে পরিবর্তন করতে পারবেন। কিন্তু কোটেশনদাতা কর্তৃক কোন শর্ত আরোপ করলে তা গ্রহণযোগ্য হবে না।

কোটেশনদাতাকে কোন দরপত্র জামানত (Tender Security) ও নিরাপত্তা জামানত (Performance Security) প্রদান করতে হবে না এবং কোটেশন পত্রের জন্য কোন মূল্য পরিশোধ করতে হবে না।

১. কার্যাদেশ প্রদানের বা চুক্তিনামা স্বাক্ষরের (প্রযোজ্য ক্ষেত্রে) তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে মাছের পোনা সরবরাহ সম্পাদন করতে হবে।
২. কাজের তফশীলে বর্ণিত উদ্ধৃত দরহার অংকে ও কথায় উল্লেখ করতে হবে। উদ্ধৃত দরহারে পোনা মাছের মুল্য, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহন, মুনাফা অন্তর্ভূক্ত থাকবে। এর জন্য পৃথকভাবে কোন অর্থ পরিশোধ করা হবে না।
৩. রোগাক্রান্ত/আঘাতপ্রাপ্ত/অক্সিজেনবিহীন পরিবহণকৃত/মৎস্য অধিদপ্তরের লাইসেন্স বিহীন প্রতিষ্ঠানের পোনা গ্রহণ করা হবে না।
৪. বাজেট প্রাপ্তি সাপেক্ষে সম্পাদিত প্রকৃত কাজের পরিমাণ অনুযায়ী বিল পরিশোধ করা হবে। বিল পরিশোধের নিমিত্ত দুই প্রস্থ বিল দাখিল করতে হবে। ঠিকাদার/সরবরাহকারীর বিল থেকে সরকারী বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স (প্রযোজ্য হলে) কর্তন করা হবে।
৫. কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে কোটেশনে বর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী মাছের পোনা সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় কর্তৃক নির্ধারিত তারিখ ও সময়ে নির্ধারিত স্থানে নিজ খরচে সুস্থ, সবল ও জীবিত অবস্থায় সরবরাহ করতে হবে।
৬. নিম্নবর্ণিত কারণে কর্তৃপক্ষ লিখিত আদেশের মাধ্যমে যে কোন সময়ে কার্যাদেশ সম্পূর্ণ বা আংশিক বাতিল করতে পারবেন।
   i) যদি কোটেশনদাতা কার্যাদেশে বর্ণিত সময়সীমার মধ্যে সম্পূর্ণ কাজ স্পেসিফিকেশন অনুযায়ী সম্পন্ন করতে না পারেন।
   ii) Standard Request for Quotation (SRFQ)এবং কার্যাদেশে বর্ণিত যে কোন/অন্যান্য শর্তাবলী পূরণে ব্যর্থ হন।
   iii) যে কোন কারণে কর্তৃপক্ষ ত্রুটি উল্লেখপূর্বক প্রতিষ্ঠানকে পত্র প্রদান করে এবং পত্র গ্রহণের ৭ (সাত) কার্যদিবসের মধ্যে নিজ ব্যয়ে উক্ত ত্রুটি সংশোধন/মালামাল সরবরাহ না করেন।
   iv) কর্তৃপক্ষের বিবেচনায় যদি কোটেশনদাতা কোন কারচুপি বা কারচুপির আশ্রয় গ্রহণ করেন।
৭. রক্ষণাবেক্ষণ সময় (Warranty Period) ০১ (এক) মাস। কোটেশনদাতা এই মর্মে প্রত্যয়ন প্রদান/ নিশ্চয়তা প্রদান করবেন যে, গ্যারান্টি সময়ের (Warranty Period) মধ্যে সরবরাহকৃত পোনা মারা গেলে বা রোগাক্রান্ত হলে সরবরাহকারী তা নিজ খরচে প্রতিস্থাপন করে দিবেন।
৮. কাজের সমুদয় পোনা ঠিকাদার/সরবরাহকারী সরবরাহ করবেন এবং দায়িত্বকপ্রাপ্ত কর্মকর্তার নির্দেশ মোতাবেক যাবতীয় কার্য সম্পাদন করতে হবে।
৯. পোনা সরবরাহ শেষে সরবরাহকারী মুল বিলসহ মোট ২ (দুই) কপি বিল কার্যাদেশ প্রদানকারীর নিকট দাখিল করবেন।
১০. এ কোটেশন Public Procurement Act-2006 এবং সংশোধিত বিধিমালা-২০০৮ ও এতদসংক্রান্ত বিধিমালা অনুসরণে বাস্তবায়িত হবে এবং এ আইনের অধীন সকল শর্তাবলী, বিধি-বিধান কোটেশনদাতা মানতে বাধ্য থাকবেন।

20/09/2022
**(মোঃ হারুন-অর-রশিদ)**
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফোন: ০২-৯৯৬৬৭৪১৯৭

কোটেশন দাতার স্বাক্ষর
নাম ও ঠিকানা (সীলসহ)

# কোটেশনে সরবরাহযোগ্য পোনামাছের দরহার সিডিউল (ভ্যাট ও ট্যাক্স ইত্যাদিসহ)

| ক্রমিক নং | কাজের বিবরণ | পরিমাণ (কেজি) | একক দরহার (ভ্যাট ও ট্যাক্স ইত্যাদিসহ) | | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|
| | | | (অংকে) | (কথায়) | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ এর আওতায় "এনএটিপি-২" প্রকল্প কর্তৃক ইউনিয়ন পর্যায়ে বাস্তবায়িত সিআইজি প্রদর্শনী মৎস্য খামার বাস্তবায়নের নিমিত্তে মাছের পোনা সরবরাহ<br>(ক) ক্যাটফিস (পাবদা, গুলশা) জাতীয় মাছের চারা পোনা ১০০০টি/কেজি;<br>(খ) প্রতি কেজি পোনার দরহার উল্লেখ করতে হবে; | | | | |
| | সর্বমোট (অংকে) | | | | |
| | সর্বমোট (কথায়): | | | | |

(প্রয়োজনে পোনার পরিমাণ কম বা বেশি হতে পারে।)

২৮/০৩/২০২২

(মোঃ হারুন-অর-রশিদ)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
ফোন: ০২-৯৯৬৬৭৪১৯৭

কোটেশন দাতার স্বাক্ষ
নাম ও ঠিকানা (সীলসহ)